

বিবেচনা প্রধান
সংক্ষিপ্ত শিক্ষকগণকে অর্থাৎ

২৮/০৬/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

তারিখ: ১৮/০৬/২০১৭

স্মারক নং ওএম-৩৭সি-২(অংশ-১)/০৭/৩৩৯৭

**বিষয়: বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সহযোগী অধ্যাপক পর্যায়ে কর্মকর্তাগণের পদোন্নতির লক্ষ্যে বিষয়ভিত্তিক
খসড়া তালিকা প্রকাশ প্রসঙ্গে।**

বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সহযোগী অধ্যাপক পর্যায়ে কর্মকর্তাগণের পদোন্নতির লক্ষ্যে বিষয়ভিত্তিক খসড়া তালিকা সংশোধন করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রদর্শন করা হলো। খসড়া তালিকায় যে সকল কর্মকর্তাগণের নামের পার্শ্বে মন্তব্য কলামে এসিআর সংক্রান্ত মন্তব্য রয়েছে সে সকল কর্মকর্তাগণকে আগামী ২০/০৬/২০১৭ তারিখের মধ্যে সরাসরি উপ-পরিচালক (কলেজ-১) এর নিকট হাতে হাতে এসিআর জমাদানের জন্য অনুরোধ করা হলো। এসিআর ছাড়া অন্য যে কোন ডুল যেমন বর্তমান কর্মস্থল (কোন কলেজে সংযুক্ত থাকলে কলেজের নাম অবশ্যই উল্লেখ করতে হবে), নিয়োগ ও যোগদানের তারিখ, স্থায়ীকরণের তারিখ, আত্মীকরণ ও নিয়মিতকরণের তারিখ, জন্ম তারিখ, নিজ জেলা, তালিকায় অন্তর্ভুক্ত কোন কর্মকর্তা মৃত্যুবরণ, চাকুরী হতে অব্যাহতি, জ্যেষ্ঠতা সংক্রান্ত আপত্তি অথবা খসড়া তালিকায় নাম না থাকলে তাঁদেরকে প্রামাণ্য কাগজপত্রসহ আবেদন আগামী ২০/০৬/২০১৭ তারিখের মধ্যে ddgovtcollege@gmail.com এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/৬/২০১৭

(ড. মোহাম্মদ মোস্তফা কামাল-০০৭৮৫৯)

উপ-পরিচালক (কলেজ-১)

ফোন: ৯৫৫৮৫০৫

অনুলপি:

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ২। অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান, সকল সরকারি কলেজ/ মাদ্রাসা-ই-আলিয়া/ সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/ এনসিটিবি/ সকল বোর্ড/ ডিআইএ/ নারায়/ এইচএসটিটিআই/বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তাঁর দপ্তরে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ। উল্লেখ্য যে, তালিকার অন্তর্ভুক্ত কোন কর্মকর্তা মৃত্যুবরণ করলে এবং চাকুরী হতে অব্যাহতি পেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বিষয়টি অত্র অধিদপ্তর-কে অবহিত করবেন।
- ৩। সংরক্ষণ নথি।